

## টেরস

**জাত** :-ভি.অর.৩-৬, আর্ক অনামিকা, হাইব্রিট- ১০

**বীজ বোনার সময়** :- ফাগুন- শ্রাবণ মাস ।

**কানি প্রতি বীজের পরিমাণ** :- ১.২৫-১.৫ কেজি ।

**জমি তৈরি** :- ২-৩ বার ভাল করে চাষ এবং মই দিয়ে মাটি বুর বুরে করে নিন। এই সময় আগাছা ভাল করে পরিষ্কার করুন এবং জল নিকাশের ব্যবস্থা রাখুন ।

**কানি প্রতি সারের পরিমাণ এবং সার প্রয়োগের সময়** :-

গোবর সার বা খামার পাঁচা সার - ৪০০০ কেজি,  
ইউরিয়া - ৩৫ কেজি,  
সুপার ফসফেট - ৪৮ কেজি,  
পটাশ - ১৩ কেজি

পি.এস.বি. ও অ্যাজোটোব্যাকটর<sup>২</sup> কেজি করে

প্রথম চাষে গোবর সার বা খামার পাঁচা সার ভাল করে মিশিয়ে দিন। উণ্ডম রূপে শুকনো গোবর বা কেঁচোসারের সাথে ইউরিয়া ,সুপার ফসফেট এবং পটাশ মিশিয়ে নিন । এই মিশ্রনের অর্ধেক পরিমাণ মূল জমি তৈরী করার সময় দিন এবং বাকি পরিমাণ ২০-২৫ দিন পর চাপান হিসাবে গাছের গোড়া থেকে একটু দূরে প্রয়োগ করুন।

**দূরত্ব** :- সারি

থেকেসারি ৪৫ সেমি এবং গাছ থেকেগাছ ২৫ সেমি দূরত্ব বজায় রাখুন

**লাগাবার নিয়ম** :- ৪৫সেমি. অন্তর লাইনে বীজ বুনুন। প্রতি ১০-১২ লাইন একটি হালকা গভীর নালায় ব্যবস্থা করতে হবে যেখানে প্রয়োজনে সেচ দেওয়া এবং অতিরিক্ত জল বাহির করে দেওয়ার ব্যবস্থা করুন।

**আন্তবর্তী পরিচর্যা** :- আগাছা পরিষ্কার করুন, গাছের সংখ্যা নিয়ন্ত্রন এবং দুই বারে গাছের গোড়ায় মাটি তোলে দিন। প্রথম বার ২০-২৫ দিনে এবং দ্বিতীয় বার ৩০-৩৫ দিনে।

**সময় কাল** :- ৮০-১০০ দিন ।

**কানি প্রতি উৎপাদন** :- ১৫-২০ কুইন্টল প্রতি কানি ।